দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... APR. 05 2000...
পৃষ্ঠা ৩ কলাম ... ২......

# মতিঝিল মডেল কলেজের ১৩২ জন ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

রেজানুর রহমান ॥ কর্তৃপক্ষের খামখেয়ালীর কারণে মতিঝিল মডেল কলেজের ১৩২ জন ছাত্রী আসন্ন এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারিবে কিনা এই নিয়া সংশয় দেখা দিয়াছে। চলতি মাসের শেষ সপ্তাহে এই পরীক্ষা শুরু হইবে। অথচ উল্লেখিত সংখ্যক ছাত্রীর বিষয় নির্ধারণ প্রক্রিয়া সম্পন্ন হয় নাই। কবে সম্পন্ন হইবে অথবা আদৌ সম্পন্ন হইবে কিনা এই ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ সুনির্দিষ্টভাবে কিছু বলিতেছে না। তবে ছাত্রী ও অভিভাবকদের ধৈর্য ধারণের অনুরোধ জানাইয়াছে। কিন্তু ছাত্রীরা কর্তৃপক্ষের প্রতি বিশ্বাস অথবা আস্থা রাখিতে না পারিয়া গতকাল কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ ও ভাংচুর করিয়াছে।

নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকা বোর্ডের একজন কর্মকর্তা বিস্ময় প্রকাশ করিয়া বলেন, বোর্ডের নিয়ম অনুসরণ না করিয়া একটি কলেজ কিভাবে ছাত্রীদের শিক্ষাদান করিতেছে উহা তলাইয়া দেখা প্রয়োজন। তিনি বলেন, মতিঝিল মডেল কলেজ সমস্যাটি খুব জটিল। সহসা ইহার সমাধান আশা করা যায় না। এই ব্যাপারে কলেজের প্রিন্সিপালের সহিত টেলিফোনে যোগাযোগ করা হইলে তিনি বলেন, আমি কলেজে নূতন আসিয়াছি। কাজেই এই সংকটের দায়ভার আমার নয়। তবে কলেজের প্রধান হিসাবে সংকট মোকাবিলার আপ্রাণ চেষ্টা চালাইতেছি।